গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং-৩৮.০১.০০০০.১৫২.০২০.৭৩.২০১৭- ১৭৮০

তারিখ: ০৩ আষাঢ় ১৪৩৩ / ১৭ জুন ২০২৬

**বিষয়ঃ ভূমি উন্নয়ন কর (৩৮২১১০২) পরিশোধ সংক্রান্ত**

সূত্রঃ স্মারক নম্বর ৩৮.০০.০০০০.০০০.০০২.৯৯.০০০২.১৯.১১৪৩, তারিখ: ১০ জুন ২০২৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত স্মারকে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহের ভূমি উন্নয়ন কর পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেছেন। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন মাঠ পর্যায়ের দপ্তরসমূহে (বিভাগীয় উপপরিচালকের কার্যালয়/জেলা প্রাথমিক শিক্ষা অফিস/ পিটিআই/উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিস/ সরকারি প্রাথমিক বিদ্যালয়) ২০২৫-২৬ অর্থবছরের ছাড়কৃত অর্থ হতে বকেয়াসহ হাল সনের ভূমি উন্নয়ন কর (৩৮২১১০২) পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। বিষয়টি অতীব জরুরি।

সংযুক্তিঃ সুত্রোক্ত পত্র।

১৭/৬/২০২৬
সেলিনা আখতার
সহকারী পরিচালক
অর্থ-রাজস্ব, অর্থ বিভাগ
প্রাথমিক শিক্ষা অধিপদপ্তর।

১। বিভাগীয় উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা, ........................ বিভাগ, ..........................
২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), ............................. জেলা
৩। সুপারিনটেনডেন্ট (সকল), পিটিআই, (সকল), ....................... উপজেলা/থানা, ......................... জেলা।
৩। উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), ....................... উপজেলা/থানা, ......................... জেলা।

**অনুলিপিঃ** অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে।

১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০ [দৃঃ আঃ সহকারী সচিব, (বাজেট ও অডিট)]
২। পরিচালক, প্রশাসন/অর্থ/পলিসি এন্ড অপারেশন/প্রশিক্ষণ, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা।
৩। সিষ্টেম এনালিষ্ট, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা। পত্রটি প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
৪। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। সংরক্ষণ নথি।

D:\document\bangla_letter.docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
www.mopme.gov.bd

**স্মারক নম্বর:** ৩৮.০০.০০০০.০০০.০০২.৯৯.০০০২.১৯.১১৪৩

তারিখ: ২৭ জ্যৈষ্ঠ ১৪৩৩
১০ জুন ২০২৬

**বিষয়: বকেয়া ভূমি উন্নয়ন কর পরিশোধকরণ।**

সূত্র: ভূমি সংস্কার বোর্ড , ঢাকাএর স্মারক নং-০৫.৪১.৯৩০০.০০০.০১২.৩০.০০১৫.২৬.৫৪৭; তারিখ: ০৩ মে ২০২৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার নিকট ভূমি উন্নযন কর বাবদ ৭,৭২,৩৫,৩০১/- (সাত কোটি বাহাত্তর লক্ষ পঁয়ত্রিশ হাজার তিনশত এক) টাকা অনাদায়ী রয়েছে মর্মে বকেয়া ভূমি উন্নয়ন কর পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান (সচিব), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা কর্তৃক প্রেরিত ডিও (আধা-সরকারি) পত্র এতদসঙ্গে প্রেরণ করা হলো।

০২। এমতাবস্থায়, সূত্রোক্ত পত্রের মর্মানুযায়ী বকেয়া ভূমি উন্নয়ন কর পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্তিঃ**
(১) ডিও (আধা-সরকারি) পত্র

১০-০৬-২০২৬
মোঃ শামছুল আরিফ
উপসচিব
ফোন : ০২২২৩৩৫১৮০১
ইমেইল : dsad2@mopme.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
২। মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও, ঢাকা।
৩। মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ।
৪। পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা।

**স্মারক নম্বর:** ৩৮.০০.০০০০.০০০.০০২.৯৯.০০০২.১৯.১১৪৩/১ (৪)

তারিখ: ২৭ জ্যৈষ্ঠ ১৪৩৩
১০ জুন ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। অফিস কপি, (সংরক্ষনার্থে)।

১০-০৬-২০২৬
মোঃ শামছুল আরিফ
উপসচিব

এ. জে. এম. সালাহউদ্দিন নাগরী
চেয়ারম্যান (সচিব)
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
ফোন-০২-৮১৭০১৪৩
ই-মেইল-chairman@lrb.gov.bd
ওয়েব-www.lrb.gov.bd

আধা-সরকারি পত্র নম্বর-৩১.০২.০০০০.০০০.০১৫.১৬.০০০৪.২৫.৯১ তারিখ : ০১ জুন ২০২৬ খ্রিঃ

আমার সালাম ও শুভেচ্ছা গ্রহণ করবেন। আপনি অবগত আছেন যে, দেশের স্বার্থে অভ্যন্তরীণ সম্পদ আহরণ ও রাজস্ব সংগ্রহ বৃদ্ধি অপরিহার্য। ভূমি উন্নয়ন কর দেশের রাজস্ব আয়ের একটি গুরুত্বপূর্ণ উৎস। ভূমি উন্নয়ন কর সময়মতো নির্ধারণ ও আদায় ভূমি ব্যবস্থাপনায় শৃঙ্খলা আনয়ন, অর্থনৈতিক সমৃদ্ধি ও সুশাসনের জন্য অপরিহার্য।

ভূমি রাজস্ব আদায় কার্যক্রম আরও গতিশীল ও বেগবান করার লক্ষ্যে ভূমি মন্ত্রণালয় হতে ভূমি উন্নয়ন কর আদায়ের হার কাঙ্খিত পর্যায়ে উন্নীতকরণের নির্দেশনা রয়েছে। চলতি ২০২৫-২০২৬ অর্থবছরে জেলা প্রশাসকের কার্যালয়সমূহ হতে প্রাপ্ত ভূমি উন্নয়ন করের দাবী পর্যালোচনায় দেখা যায়, আপনার মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থা/প্রতিষ্ঠানের নিকট ভূমি উন্নয়ন কর বাবদ ৭,৭২,৩৫,৩০১/- (সাত কোটি বাহাত্তর লক্ষ পঁয়ত্রিশ হাজার তিনশত এক) টাকা বকেয়া রয়েছে। ভূমি উন্নয়ন করের বকেয়া অর্থ পরিশোধের লক্ষ্যে আপনার মন্ত্রণালয়ের আওতাধীন কার্যালয়সমূহে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ দেয়া একান্ত প্রয়োজন।

বর্ণিতাবস্থায়, আপনার মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থা/প্রতিষ্ঠানসমূহের বকেয়া ভূমি উন্নয়ন কর পরিশোধে ব্যক্তিগত উদ্যোগ গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করছি।

(এ. জে. এম. সালাহউদ্দিন নাগরী)
চেয়ারম্যান (সচিব)

জনাব মো: সাখাওয়াৎ হোসেন
সচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা